



‘সমানো মন্ত্র: সমিতি: সমানী’

**UNIVERSITY OF NORTH BENGAL**  
B.A. Honours 2nd Semester Examination, 2023

**CC3-BENGALI**  
**OLD SYLLABUS**

Time Allotted: 2 Hours

Full Marks: 60

*The figures in the margin indicate full marks.*

**বিভাগ-ক**

- ১। নিম্নলিখিত যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাওঃ ৩×৪ = ১২
- (ক) নিম্নলিখিত গ্রন্থগুলির রচয়িতার নাম উল্লেখ করো।  
গোরা, পথের দাবী, আলো ও ছায়া, রাধা, মহাপৃথিবী, পদাতিক।
- (খ) ‘বিবিধার্থ-সংগ্রহ’ পত্রিকা কত সালে প্রথম প্রকাশিত হয়? এই পত্রিকার দুজন সম্পাদকের নাম উল্লেখ করো।
- (গ) ‘চোখের বালি’ উপন্যাসটি প্রথম কোন্ পত্রিকায় প্রকাশিত হয়? এই পত্রিকার সম্পাদক কে ছিলেন? গ্রন্থাকারে ‘চোখের বালি’ কত সালে প্রকাশ পায়?
- (ঘ) প্রকাশকালসহ বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের তিনটি সামাজিক উপন্যাসের নাম লেখো।
- (ঙ) OIA, MIA, NIA — এগুলির পুরো নাম লেখো।
- (চ) স্বরভক্তি বা বিপ্রকর্ষ বলতে কী বোঝো?

**বিভাগ-খ**

- ২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাওঃ ৬×৪ = ২৪
- (ক) কবি ঈশ্বরগুপ্তকে যুগ সঙ্ক্ষিপ্তের কবি বলা হয় কেন? যুক্তিসহ বুঝিয়ে দাও।
- (খ) বাংলা গদ্য সাহিত্যে মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কারের অবদান উল্লেখ করো।
- (গ) কবি মানকুমারী বসুর সংক্ষিপ্ত পরিচয় দাও।
- (ঘ) ‘সবুজপত্র’ পত্রিকার সংক্ষিপ্ত পরিচয় দাও।
- (ঙ) ‘বঙ্গালী’ উপভাষার পাঁচটি বৈশিষ্ট্য লেখো।
- (চ) উদাহরণসহ সংজ্ঞা দাওঃ  
নিভাষা, সমীভবন, লোকনিরুক্তি।

**বিভাগ-গ**

- ৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাওঃ ১২×২ = ২৪
- (ক) বাংলা গদ্যের বিকাশে বিদ্যাসাগরের অবদান উল্লেখ করো।
- (খ) উপন্যাসিক তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের পরিচয় দাও।
- (গ) মধ্য বাংলা ভাষার পাঁচটি ধ্বনিতাত্ত্বিক ও পাঁচটি রূপতাত্ত্বিক বৈশিষ্ট্য উল্লেখ করো।
- (ঘ) লিপ্যন্তর করোঃ (IPA)

আমাদের মধ্যে মনুষ্যত্বের নিবিড় ঐক্য আছে, অথচ কালের নিষ্ঠুর ব্যবধান। কবির কল্যাণে এখন সেই অতীতকাল অমর সৌন্দর্যের অলকাপুরীতে পরিণত হইয়াছে; আমরা আমাদের বিরহ বিচ্ছিন্ন এই বর্তমান মর্ত্যলোক হইতে সেখানে কল্পনার মেঘদূত প্রেরণ করিয়াছি।

কিন্তু কেবল অতীত বর্তমান নহে, প্রত্যেক মানুষের মধ্যে অতলস্পর্শ বিরহ।

—x—